DASARATHI HAZRA MEMORIAL COLLEGE
BHATAR, PURBA BARDHAMAN, PIN-713125, WEST BENGAL
College Code - 134 ESTD.-2013 Mobile No.-9434867892 8167305526 E-mail id - bhatarcollege@gmail.com
Web Site :- bhatardhmc.in

Ref. No: CN/23/2022

Date: 04.03.2022

# বিজ্ঞপ্তি

এতদ্বারা Sem. I (Hons. & Gen.) এর সকল ছাত্র-ছাত্রীর উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, তাদের ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হতে চলেছে ০৭.০৩.২০২২ থেকে। সেই পরীক্ষা সংক্রান্ত যে সমস্ত নির্দেশাবলী (ছাত্র-ছাত্রীদের জন্য) বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃক চূড়ান্ত করা হয়েছে সেগুলি নিম্নরূপ:

১. পরীক্ষা হবে অনলাইন প্রক্রিয়ায়।

২. পরীক্ষার পদ্ধতি হবে Home Assignment/ Open Book System.

৩. প্রত্যেক পরীক্ষার্থীর নিজস্ব Mail ID এবং ফোন নাম্বার থাকতে হবে।

৪ Form fill up -এর পরে University এর দেওয়া Notice অনুসারে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে তাদের নিজ নিজ Admit Card ডাউনলোড করতে হবে। তাদের নামে জারি করা বৈধ Admit Card ব্যতীত তাদের পরীক্ষাটি অবৈধ বলে গন্য করা হবে এবং সেই পরীক্ষার জন্য কোন ফলাফল প্রকাশ করা হবে না।

এছাড়াও, কোনো পরীক্ষার্থী Admit Card উল্লিখিত হয়নি, এমন কোনো বিষয় বা course/paper এর পরীক্ষা দিতে পারবে না।

৫. পরীক্ষার প্রশ্নপত্র, পরীক্ষা শুরু হওয়ার জন্য নির্দিষ্ট সময়ের কমপক্ষে 30 মিনিট পূর্বে কলেজ website এ upload করা হবে।

৬. উত্তরপত্র জমা দেওয়ার জন্য প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নির্দিষ্ট দিনের পরীক্ষা শেষে নিজস্ব Mail ID থেকে কলেজ প্রদত্ত Mail ID তে উত্তরপত্র পাঠাতে হবে।

৭. প্রত্যেক পরীক্ষার্থীকে নিজের হাতে লিখিত উত্তরপত্র PDF format এ কলেজ প্রদত্ত mail ID তে পাঠাতে হবে (এক্ষেত্রে পরীক্ষার্থীরা উত্তরপত্রের প্রত্যেক পৃষ্ঠাকে আলাদা

DASARATHI HAZRA MEMORIAL COLLEGE ESTD 2013 BHATAR, PURBA BARDHAMAN

আলাদা করে পাঠাবে না। পৃষ্ঠাগুলি ক্রমানুযায়ী সাজিয়ে তারপর PDF format এ পরিবর্তিত করে সম্পূর্ণ উত্তরপত্রটি একবারেই পাঠাবে)।

৮. কোনো পরীক্ষার্থী online এ উত্তর পত্র জমা দিতে ব্যর্থ হলে, প্রত্যেকদিনের পরীক্ষার শেষে নির্ধারিত সময়ের মধ্যে নিজ নিজ কলেজে উত্তর পত্র জমা দিতে পারবে।

৯. পরীক্ষার্থীরা পরীক্ষার সময়ের অতিরিক্ত, প্রশ্নপত্র Download করার জন্য কমপক্ষে ১/২ ঘন্টা (৩০ মিনিট) এবং উত্তরপত্র জমা দেওয়ার জন্য ১/২ ঘন্টা (৩০মিনিট) সময় পাবে।

এক্ষেত্রে, নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র জমা না করলে, সেই পরীক্ষার্থীকে অনুপস্থিত (Absent) বলে ধরে নেওয়া হবে।

১০. পরীক্ষার্থীদের কলেজে উপস্থিত থেকে, উত্তর পত্র জমা দেওয়ার পর, students' attendance sheet টি fill up করে কলেজ কর্তৃপক্ষের তরফ থেকে একটি প্রাপ্তিস্বীকার অনুলিপি (receipt copy) গ্রহণ করতে হবে।

১১. উত্তর লেখার জন্য ব্যবহৃত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার Soft Copy এবং প্রাপ্তিস্বীকার অনুলিপি (receipt copy)-র Soft Copy কলেজের website এ পরীক্ষার জন্য নির্দিষ্ট দিনের পূর্বেই এই বিজ্ঞপ্তির সঙ্গেই দেওয়া আছে, যাতে পরীক্ষার্থীরা পরীক্ষার জন্য নির্ধারিত দিনের পূর্বেই সেই প্রথম পৃষ্ঠার এবং receipt copy-র scan copy নিজেদের কাছে সংগ্রহ করে এবং fill up করে রাখতে পারে।

১২. পরীক্ষার্থীরা যদি E-Mail Id- এর মাধ্যমে উত্তরপত্র প্রেরণ করে সেক্ষেত্রে, প্রত্যেক পরীক্ষার্থীকে প্রেরিত E-Mail এর screenshot নিয়ে (যেন সময়ের উল্লেখ থাকে) নিজের কাছে রাখতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে পরীক্ষার্থীর পাঠানো E-Mail টি যদি কলেজের E-Mail Id--তে না প্রবেশ করে (traffic jam বা অন্যান্য কারণে), সেক্ষেত্রে সঠিক সময়ে E-Mail প্রেরণ করার প্রমাণ হিসেবে উক্ত screenshot টি দেখানো যেতে পারে।

১৩. পরীক্ষার ক্ষেত্রে Semester-I এর পরীক্ষার্থীদের জন্য সময়সীমা থাকবে ২ অথবা ৩ ঘন্টা।

১৪. বর্ধমান বিশ্ববিদ্যালয় প্রদত্ত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠায় প্রত্যেক পরীক্ষার্থীকে roll number, registration number, subject, course/paper যথাযথ স্থানে অবশ্যই লিখতে

DASARATHI HAZRA MEMORIAL COLLEGE
ESTD 2013
BHATAR, PURBA BARDHAMAN

হবে। যথাযথভাবে fill up করা প্রথম পৃষ্ঠা ব্যতীত কোন উত্তরপত্র গ্রহণযোগ্য হবে না। কোন পরীক্ষার্থী প্রথম পৃষ্ঠা ব্যতীত উত্তরপত্র জমা দিলে পরীক্ষার্থী নিজে উত্তরপত্র বাতিল হওয়ার ব্যাপারে দায়বদ্ধ থাকবে। (সকল subject এর সকল পেপারের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য থাকবে)।

১৫. পরীক্ষার্থীদের পরীক্ষার পবিত্রতা রক্ষণাবেক্ষণ সংক্রান্ত অঙ্গীকার করতে হবে এবং সেই কারণে প্রথম পৃষ্ঠায় লিখিত বিবৃতি (declaration) ভালোভাবে পড়ে ও বুঝে নিম্নের নির্দিষ্ট স্থানে পরীক্ষার্থীকে স্বাক্ষর (signature) করতে হবে।

১৬. পরীক্ষার্থীরা তাদের উত্তর A4 আকারের পৃষ্ঠায় লিখবে। A4 Page এর both side (উভয় পৃষ্ঠার) উপরের দিকে subject name, course name (CC/ GE/AECC etc.), roll no. এবং পৃষ্ঠার ক্রমানুযায়ী নাম্বার অবশ্যই দিতে হবে। (Subject > Paper Code > Roll No. > Page No.)

১৭. বর্তমান পরিস্থিতিতে পরীক্ষায় নম্বর বিভাজন এর ক্ষেত্রে কিছু পরিবর্তন সাধিত হয়েছে পরীক্ষায় 1 অথবা 2নম্বরের প্রশ্ন থাকবে না বর্তমান নাম্বার বিভাজন নিম্নরূপ:-

| Full Marks | No. of questions to be answered | Marks for each question | Total Marks | Time (Hrs.) |
|---|---|---|---|---|
| 40 | 8 | 5 | 8x5 = 40 | 2 |
| 60 | 6<br>3 | 5<br>10 | 6x5 = 30<br>3x10 = 30 | 3 |
| 80 | 8<br>7 | 6<br>5 | 6x5 = 30<br>5x10 = 50 | 3 |

DASARATHI HAZRA MEMORIAL COLLEGE
ESTD 2013
BHATAR, PURBA BARDHAMAN

১৮. উপরিউক্ত পরীক্ষাগুলির ক্ষেত্রে কোন Post publication Review (PPR) বা Post Publication scrutiny (PPS) প্রযোজ্য হবে না।

১৯. যে সকল ছাত্র-ছাত্রী U.G. Examination Regulations নির্ধারিত নিজ যোগ্যতার মানদণ্ড পূরণে ব্যর্থ হবে ( পূর্ববর্তী সেমিস্টার এর ভিত্তিতে ) সেই ছাত্র বা ছাত্রী পরীক্ষায় বসার উপযুক্ত বলে গণ্য হবে না এবং বিশ্ববিদ্যালয়ও এই বিষয়ে দায়বদ্ধ থাকবে না।

২০. পরীক্ষার্থীরা বাড়িতে বসে পরীক্ষা দিলেও, পরীক্ষার পবিত্রতা এবং শৃঙ্খলা বিষয়ে দায়বদ্ধ থাকবে। তারা এমন কিছু লিখবে না বা post করবে না, যা পরীক্ষার পবিত্রতা এবং শৃঙ্খলার পরিপন্থী।

২১. কলেজ Website থেকে Admit Card -এর প্রিন্ট আউট নিয়ে সেটি উত্তরপত্রের সাথে Scan করে pdf আকারে নির্দিষ্ট E-Mail id তে পাঠাতে হবে। (pdf = Front page+Answer script+Admit card).

২২. A4 Page -এর both side (উভয় পৃষ্ঠাতেই) উত্তর লেখা যাবে, কিন্তু Front Page-এর উল্টো দিকে লেখা যাবে না।

২৩. Email পাঠানোর সময় উত্তরপত্রের pdf ফাইল পাঠাতে হবে, কোন Link পাঠানো যাবে না।

২৪. Offline উত্তরপত্র জমা দেওয়ার ক্ষেত্রে Admit card-এর একটি Xerox কপি উত্তরপত্রের সাথে জমা দিতে হবে।

(Hard Copy = Front Page + Answer Script +Admit Card)

২৫. যে সমস্ত ছাত্র-ছাত্রী Online-এর উত্তরপত্র জমা দেবে তারা যদি মনে করে তাহলে A4 পাতার একটি দিকে (Single Side) উত্তর লিখতে পারে।

২৬. Answer Script -এর pdf ফাইল তৈরী করার সময় pdf ফাইলটিকে নিজের Roll No. অনুযায়ী Rename (নামকরন) করতে হবে।

২৭. E-mail পাঠানোর সময় E-mail -এর Subject এর জায়গায় Name- Subject- Course/paper code এবং Mobile No. (Active) লিখতে হবে।

DASARATHI HAZRA MEMORIAL COLLEGE
ESTD 2013
BHATAR, PURBA BARDHAMAN

বি.দ্রঃ-

১.নিম্নে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠাটি এবং receipt copy-র soft copy দেওয়া হলো।

প্রত্যেক পরীক্ষার আগে উত্তরপত্রের সঙ্গে প্রদত্ত প্রথম পৃষ্ঠাটি কলেজ ওয়েবসাইট থেকে ডাউনলোড করে যথাযথভাবে পূরন করে সংযুক্ত করতে হবে।

২. কোন পরীক্ষার্থীর নথির ক্ষেত্রে যদি কোন অসুবিধা হয় তাহলে নিম্নে দেওয়া নম্বরে যোগাযোগ করবে।

**নং ঃ ৮১৬৭৩০৫৫২৬ ও ৯৪৩৪৮৬৭৮৯২**

**সময়ঃ সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত।**

আদেশানুসারে,

অধ্যক্ষ

Dasarathi Hazra Memorial College
Bhatar, Purba Bardhaman

DASARATHI HAZRA MEMORIAL COLLEGE
ESTD 2013
BHATAR, PURBA BARDHAMAN